# শেষ ব’লে কিছু নেই

আলোর ভিতর — তারও ভিতর গহীন আলোকমালা
শেওলার ভিতর যে সবুজ, তারও ভিতর অন্তহীন রূপকথা

সেই শেষ দেখা।
আনমনা চোখ ভেবেই বসে আছে
ও মেয়ে, তোর কোন দোষ দেখি না
বসন্ত পা রাখেনি তোর দুয়ারে
বাসি-মালা হয়ে গেছে স্বপ্নের তিথি
ঘাট-জল সরে গেছে দূরে
চেনা মাঝি নৌকো বাঁধবে কোথায়!
এ-সব দেখে মনে হয়
মেয়ে তুই, মন্দ কপাল।

ফুল ফোটার আয়োজনেও তো সময় লাগে
উজানে বৈঠা বাইতে সময় লাগে
কতটা রক্ত ঝরাতেই তো
পদ্মের রক্তিমতা বোঝা যায়

এ সব শাশ্বত
তাই দোলে পেন্ডুলাম
ভোর হ’লে পাখিদের গলাসাধা
সময়েই সময়ের কুঁড়ি প্রকাশিত হয়
, প্রতীক্ষার মতো।

নন্দিতা বন্দ্যোপাধ্যায়

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com